**অক্টোবর/২০২১ মাসে অনুষ্ঠিত কুষ্টিয়া দৌলতপুর উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৩০তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ**

সভাপতি ঃ জনাব এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম, দৌলতপুর, কুষ্টিয়া ।
তারিখ ঃ ২১/১০/২০২১ খ্রিস্টাব্দ

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

উপস্থিতি ঃ সভার উপস্থিতি পরিশিষ্ঠ 'ক' -তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে আসন গ্রহণ করেন। অতঃপর পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া-কে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার অদ্যকার সভায় সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ

গত ১৬/০৯/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পঠিত হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন ও দৃঢ়করণ করা হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা কৃষি বিভাগ ঃ** ক) উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় খরিপ -১/২০২১-২২ মৌসুমে ১৯৮৫০ হেক্টর জমিতে রোপা আমন ধান আবাদ হয়েছে। কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় গ্রীষ্মকালীন পেয়াজ, নাবী পাট বীজ ও মাসকলাই ফসলের উপকরণ সুষ্ঠু ভাবে অগ্রাধিকার তালিকাভূক্ত কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। প্রনোদনা কার্যক্রমে সহায়তার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করছি। উপজেলায় রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি সন্তষজনক। | ভবিষ্যতে প্রনোদনা কর্মসূচীর আওতায় কৃষক নির্বাচন ও যথাযথভাবে বিতরণের ক্ষেত্রে উপজেলা কৃষি কর্মকর্তা ব্যবস্থা গ্রহন করবেন। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ ঃ** ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, গত সভায় ইউপি চেয়ারম্যানগণ দৌলতপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে রাস্তাঘাট ভেঙ্গে যাওয়ার বিষয়ে উত্থাপন করেন। এ প্রেক্ষিতে উপ-সহকারী প্রকৌশলী দ্বারা বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণের চাহিদার প্রেক্ষিতে সরেজমিনে দেখে ৮ লক্ষ টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। | সভায় আলোচনান্তে "উপজেলার বিভিন্ন ইউনিয়নে ভাঙ্গা রাস্তা ব্যাটস্ দ্বারা মেরামত" প্রকল্প হিসেবে গ্রহন করা দরকার মর্মে সকলে মত দেন। এবং উক্ত প্রকল্প ৮,০০,০০০/=(আট লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল থেকে কোটেশনের মাধ্যমে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী দৌলতপুর কুষ্টিয়া। |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ খ্রিঃ মাসে ইপিআই সংক্রান্ত ঃ টিটি(টিকা গর্ভবতি মায়ের জন্য) ৭০১,টিটি (টিকা সাধারণ মহিলা ২,৪৯৬ ভিটামিন এ ( প্রসব পরবর্তী মায়ের জন্য) ১৩৩, বিসিজি-(টিকা) ৯৬৫, পেন্টা-১ = ৮৩৪, পেন্টা-২= ৭২৭, পেন্টা-৩= ৭০১, এম আর টিকা ৮৯৪, এমএসডি/এমআর-২(টিকা) ৯০৪, মাতৃ স্বাস্থ্য ভাউচার স্কীম (ডিএসএফ) সংক্রান্ত ঃ কার্ড বিতরণ ৭৯, প্রসব পূর্ব সেবা-১ - ২১০, প্রসব পূর্ব সেবা-২- ৮৯ , প্রসব পূর্ব সেবা-৩- ৬৪, নরমাল ডেলিভারি ২৭,সিজারিয়াল অপারেশন ০,প্রসবোত্তোর সেবা ১৮, চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। জরুরি বিভাগ ১৭১৯, বহিঃ বিভাগ ৬৯২৬, অন্তঃবিভাগ ১২৫৫ কোভিড-১৯ নমুনা পরীক্ষা ৪৫২, কোভিড- | সভায় রুটিন কাজ ও বিভিন্ন কর্মসূচী যথাযথভাবে পালনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | ১৯ পজিটিভ ৩৭, মৃত্যু ০। এছাড়াও দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে বিষয়টি সভাকে জানানো হয়। | | |
| ০৪ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ খ্রিঃ মাসের কার্যক্রমনিম্নরুপ ঃ মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ১,১১,২৭৯, খাবার বড়ি গ্রহণ কারীর সংখ্যা ৩৩,৪০২,কনডম গ্রহণ করার সংখ্যা ১২,৭৮১,ইনজেকশন গ্রহণ কারীর সংখ্যা ২০,৬৬৫, আই,ইউ,ডি গ্রহণ কারীর সংখ্যা ৪৮৫, ইমপ্ল্যান্ট গ্রহণ কারীর সংখ্যা ১০১২, স্থায়ী পদ্ধতির (পুরুষ) সংখ্যা ২৪০ স্থায়ী পদ্ধতির (মহিলা) সংখ্যা ২০৪০১, মোট গ্রহণ কারীর সংখ্যা ৮৮৯৮৬, গ্রহণ কারীর হার ৭৯.৯৭ %। এছাড়া সেপ্টেম্বর/২০২১ খ্রিঃ মাসে মোট ৩৯ জনকে স্থায়ী পদ্ধতির সেবা দেওয়া হয়েছে। | প্রতি মাসের কর্যক্রমের তথ্য উপাত্ত সভার পূর্বে উপজেলা পরিষদে প্রেরণের অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর কুষ্টিয়া। |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ ক) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সেপ্টেম্বর/২১ মাসের গবাদি প্রাণির টিকা দান ১। রোগ প্রতিরোধ ও চিকিৎসা কার্যাক্রমঃ ক) গবাদি প্রাণির টিকাদান ঃ ৫৫০০ মাত্রা, খ) হাঁসমুরগীর টিকাদান ঃ ৬৭০০০ মাত্রা, গ) গবাদি প্রাণির চিকিৎসা ঃ ২১১৩ টি ঘ) হাঁস-মুরগীর টিকাদান ঃ ১৩৫১৩ টি, ২। গবাদি প্রাণির কৃত্রিম প্রজননের সংখ্যা ঃ ১৭৫১ টি, ৩। রাজস্ব আদয় ঃ -ক) খামার রেজিঃ ১২০০/= টাকা খ) টিকাবীজ বিক্রয় বাবদ ঃ ১৩,৩৭৫/= গ) কৃত্রিম প্রজনন ফিস বাবদ ৫৩৩১০/= মোট = ৬৭৮৮৫/= ৪। বার্ড ফ্লু প্রতিরোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং ইহা প্রতিরোধে সকলের সহযোগিতা কামনা করেন | সভায় গবাদি পশুর কৃত্রিম প্রজনন ও বিভিন্ন রোগের প্রার্দভাব কমানোর বিষয়ে গুরুত্ত আরোপ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার দৌলতপুর কুষ্টিয়া। |
| ০৬ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ ঃ** ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের "অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মান" শীর্ষক প্রকল্পের আওতায় দৌলতপুর উপজেলায় ০৯ জন বীরমুক্তিযোদ্ধার গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য ০৯টি গৃহ বরাদ্দ পাওয়া গিয়েছে। গৃহের কাজ বাস্তবায়নের জন্য পরবর্তী টেন্ডার প্রক্রিয়া ও অন্যান্য কাজ বাস্তবায়নাধীন আছে। অফিসের কাজ স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্য নাই মর্মে সভায় আলোচনা করেন। | সভায় অন্যান্য কার্যক্রম দ্রুত সমাপ্ত করণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায় কর্মকর্তা |
| ০৭ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা ঃ** ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের তত্বাবধানে প্রত্যেক প্রতিষ্ঠানে ইউনিক আইডি- এর কার্যাক্রম চলমান । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথাযথ ভাবে চলছে মর্মে সভায় আলোচনা করেন। | ইউনিক আইডির কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৮ | **উপজেলা শিক্ষা অফিস ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্যা নাই মর্মে সভায় আলোচনা করেন। এছাড়া তিনি জানান যে, উপজেলার ২১৭ টি বিদ্যালয়ে পুনরায় পাঠদান শুরু করা হয়েছে। শিক্ষার্থীদের পদচারনায় মুখরিত হয়েছে প্রতিটি বিদ্যালয়ের প্রাঙ্গন। কর্মকর্তা ও শিক্ষকবৃন্দ সর্বোচ্চ আন্তরিকতার সহিত শিখন-ঘাটতি পূরণে প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। | সভায় করোনা পরবর্তী কার্যক্রম এগিয়ে নিতে সকল শিক্ষকদের সচেতন থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিস অফিসার |
| ০৯ | **উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ** ক) উপজেলা **মহিলা বিষয়ক** কর্মকর্তা সভায় জানান যে, জয়িতা অন্বেষনে বাংলাদেশ কার্যক্রমের আওতায় ৫টি ক্যাটাগরিতে জয়িতা সম্মাননা ৯ই ডিসেম্বর/২১ এ প্রদান করা হবে। ৫০ জন দুস্থ্য মহিলাদের টেইলারিং ও.ভার্মি কম্পোষ্ট প্রশিক্ষন চলমান আছে এবং প্রশিক্ষন শেষে তাদের ঋণ প্রদান করা হয়। প্রতি মাসের ভিজিডি চাল বিতরণ করা হয়। উপজেলায় ১৪টি শিশু কিশোর ক্লাব আছে। সেখানে শিশুদের বিনদনের জন্য সঙ্গীত পরিবেশন করা হয়। | দাপ্তরিক কাজ আরো গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসার-কে অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা দৌলতপুর, কুষ্টিয়া। |
| ১০ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১। দৌলতপুর উপজেলায় মোট সমবায় সমিতির সংখ্যা ১২৪ টি, ২) মোট দলের সংখ্যা ৭৯ টি, ৩) মোট সমিতি/ দলের সংখ্যা ৫৩৪৭ জন, ৪) মোট শেয়ার জমা ২৩,০৯,০০০, ৫) মোট সঞ্চয় জমা ৭৪,১৭,০০০/-, ৬) ঋণ বিতরণ ৩৬,০৯,২২,০০০/-, ৭) ঋণ আদায় ৩৩,৫৩,৭২,০০০/-,<br>৮) কর্জ আদায় (ক) চলতিঃ ২,১২,৫৫,০০০ /= (খ) খেলাপী ঃ | বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়নে সচ্ছতার বিষয়ে গুরুত্ত সহকারে দেখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া। |

| | | | |
|---|---|---|---|
| | ৪২,৯৫,০০০/=<br>(গ) কর্জ আদায়ের হার (%) ঃ ৯৯ %"<br>অসচ্ছল মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের প্রশিক্ষণ ও আত্নকর্ম সংস্থান প্রকল্প" গ্রহিতার সংখ্যা ঃ ৯৫ জন ঋণ বিতরণ ঃ ৫৯,৮৭,০০০/= ঋণ আদায় ঃ ৩৫,২৪,০০০, ঋণ চলতি ঃ ৪,৩৬,০০০/= ঋণ খেলাপী ঃ ২০,২৭,০০০/= ঋণ আদায়ের হার (%) ঃ ৭৬%। | | |
| ১১ | **উপজেলা জনস্বাস্থ্য বিভাগ ঃ** উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান যে, ১) সমগ্রদেশে নিরাপদ পানি সরবারাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২) বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে WASH BLOOCK নির্মান কাজ চলমান। ৩) আর্সেনিক ঝুকি নিরসনে সরকার/বেসরকারী নলকূপের আর্সেনিক পরীক্ষার কাজ চলমান রয়েছে। ৪। স্বাস্থ্য বিধি ও হাত ধোয়া নিষয়ে জনগণকে অবহিত করা হয়।( বিভিন্ন সভা সমাবেশ ও প্রচার এর মাধ্যমে ) ৫। গৃহহীনদের মাঝে দ্বিতীয় পর্যায়ের নলকূপ এর কাজ প্রক্রিয়াধীন আছে। এছাড়াও অন্যান্য সেবা মূলক কাজ স্বাভাবিক ভাবে চলছে কোন সমস্যা নাই মর্মে সভায় আলোচনা করেন। | নলকুপ স্থাপন ও ওয়াশব্লকের কাজের গুনগতমান ঠিক রেখে যথাযথ মনিটারিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা দৌলতপুর |
| ১২ | **উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, " মৎস্য বিভাগ প্রধানতঃ নিরাপদ মৎস্য উৎপাদন বৃদ্ধি ও সংরক্ষণ এর কাজ করে থাকে। এজন্য যা যা প্রয়োজনীয় বিশেষ করে চাষিদের দক্ষতা বৃদ্ধিকল্পে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান, ঋণ প্রদান, প্রদর্শন খামার বাস্তবায়ন, জলাশয় সংস্কার ইত্যাদি। মৎস্য সংরক্ষণের জন্য এ সংক্রান্ত আইনের প্রয়োগ ও বাস্তবায়ন করা হয়ে থাকে। ৪ অক্টোবর থেকে ২৫ শে অক্টোবর/২০২১ পর্যন্ত মোট ২২দিন ইলিশের প্রধান প্রজনন মৌসুম চলছে। এসময়ে ইলিশ মাছ, আহরণ, পরিবহন, বাজারজাতকরণ, মজুদ, বিনিময় নিষিদ্ধ ও দন্ডনীয় অপরাধ। সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য প্রতিদিনই উপজেলার পদ্মা নদীতে অভিযান/মোবাইল কোর্ট নিয়মিত চলমান রয়েছে। ইতোপূর্বে জনসচেতনতা সভা, মাইকিং, লিফলেট, পোষ্টার,ব্যানার ইত্যাদি কার্যক্রমের মাধ্যমে ব্যাপক প্রচারণা করা হয়েছে। | মৎস্য সপ্তাহ, ইলিশের প্রধান প্রজনন, সংরক্ষণসহ অন্যান্য কর্মসূচি সঠিকভাবে প্রালনের জন্য সভায় গুরুত্ত আরোপ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা দৌলতপুর, |
| ১৩ | **উপজেলা সমবায় বিভাগ ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের ২০১৯-২০২০অর্থ বৎসরের রাজস্ব খাতে অডিট ফি বাবদ ১৪২৬১০/-টাকা এবং সিডিএফ বাবদ ৬০৬১০/-টাকা আদায় হয়েছে উক্ত টাকা ট্রেজারী ও ডি ডি মাধ্যমে ব্যাংকে জমা করা হয়েছে। আদায়ের হার ১০০%। ২টি আশ্রায়ন প্রকল্পে ক্রমপুঞ্জিভুত ৪০৭০০০০/-টাকা বিতরন ও ২৭৪৪৮৯৯/- টাকা আদায় করা হয়েছে। অত্র কার্যালয়ে ২০২০-২০২১খ্রিঃ মোট ৮৫ টি সমিতি অডিট বরাদ্ধ হয়েছে চলতি মাস পর্যন্ত ৩৫ টি সমিতি অডিট কার্যাদি সম্পন্ন করা হয়েছে। চলতি মাসে ২৫ জন সমবায়ীকে ভ্রাম্যমান প্রশিক্ষন দেওয়া হয়েছে। | সভায় সকল কার্যক্রমের সমন্বয় যথায়থভাবে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | কুষ্টিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ ডি,জি,এম পল্লী বিদ্যুৎ অফিসার জানান যে, জুলাই/২০২১ মাসের তথ্য ঃ ১) নতুন সংযোগ প্রদান- ৫৫৫টি, ২)ক) সিষ্টেম লস( চলতি মাস)- ৭.৬৯ % খ) সিষ্টেম লস ( চলতি বছর)- ১৫.৯৪% ৩) বিদ্যুৎ বিক্রয় (টাকা)- ৬,০৯,৫৮,৬৩৩.০০ ৪) বিদ্যুৎ বিল আদায় টাকা- ৬,৪৪,৮৫,১৪৯.০০ ৫) ক) বিদ্যুৎ বিল আদায়ের হার (চলতি মাস) -১০৫.৭৯% খ) বিদ্যুৎ বিল আদায়ের হার (চলতি বছর) ৯৩.০৬% ৬) মোট বকেয়া টাকার পরিমান ৬,৬৩,৫৭,২৯৬.০০ । এছাড়া বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক আছে। | নিরবিচ্ছিন্ন ভাবে বিদ্যুৎ সরবরাহের জন্য উপজেলা পল্লীবিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | ডি,জি,এম পল্লী বিদ্যুৎ |
| ১৫ | **চেয়ারম্যান আদাবাড়িয়াা ইউপি ঃ ক)** চেয়ারম্যান আদাবাড়িয়া ইউপি সভায় জানান যে, ১) মোঃ নাজির হোসেন, পিতা-মোঃ মজিবর রহমান, ২) মোঃ নিজাম উদ্দিন, পিতাঃ আইয়ুব মালিথা, ৩) মোঃ উজির আলী, পিতা- মোঃ মজিবর রহমান, ৪) মোঃ মজিবর রহমান, পিতা- মৃত | অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় প্রত্যেক-কে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত থেকে ৫,০০০/=(পাঁচ হাজার) টাকা | চেয়ারম্যান আদাবাড়িয়া ইউপি। |

<table>
<tr><td></td><td>চমৎকার আলী, ৫) মোঃ রতন আলী, পিতা- মোঃ নিজাম উদ্দিন, ৬) মোঃ সেন্টু রহমান, পিতা- মোঃ মজিবর রহমান, সকলের গ্রাম-ধর্মদহ, উপজেলা ঃ দৌলতপুর, জেলাঃ কুষ্টিয়া এর অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় আর্থিক সাহায্যের জন্য আবেদন করেছেন এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ।</td><td>প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১৬</td><td>জনাব ইফতেখার উদ্দিন জোয়ার্দ্দার, উপজেলা প্রকৌশলী, সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন উপ প্রকল্প (ক) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিভিন্ন স্বাস্থ্য সরঞ্জাম সরবরাহ যার প্যাকেজ নং INF-২০১৯-২০-৪০৫০৩৯-০১, (খ) কৃষি জমি হতে জলাবদ্ধতা নিরসনের জন্য হোসেনাবাদ ভোকেশনাল হতে হিসনা নদী পর্যন্ত আরসিসি ড্রেণ নির্মাণ যার প্যাকেজ নং INF-২০১৯-২০-৪০৫০৩৯-০২ এবং (গ) প্রাথমিক বিদ্যালয়ে উচু-নিচু বেঞ্চ সরবরাহ যার প্যাকেজ নং INF-২০১৯-২০-৪০৫০৩৯-০৩, কাজগুলো প্রাক্কলন মোতাবেক শেষ হয়েছে। উক্ত প্রকল্পগুলির কাজের গুণগত মান সন্তোষজনক এবং উল্লেখিত কাজের কোন সমস্যা নাই মর্মে সভায় আলোচনা করেন। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত ১ম ও চূড়ান্ত বিলের পরিমান নিম্নরুপ:
<table>
<tr><th>প্যাকেজ নং</th><th>বিলের পরিমাণ</th><th>ভ্যাট</th><th>আইটি</th></tr>
<tr><td>ক) INF-২০১৯-২০-৪০৫০৩৯-০১</td><td>৮,১৯,৯১৩/-</td><td>৬১,৪৯৩/-</td><td>২৪,৫৯৭/-</td></tr>
<tr><td>খ) INF-২০১৯-২০-৪০৫০৩৯-০২</td><td>২০,০৫,২৫৯/-</td><td>১,৫০,৩৯৪/-</td><td>৬০,১৫৮/-</td></tr>
<tr><td>গ) INF-২০১৯-২০-৪০৫০৩৯-০৩</td><td>৭,৫৩,৯০২/-</td><td>১,১৩,০৮৫/-</td><td>২২,৬১৭/-</td></tr>
</table>
উল্লেখ্য, ভ্যাট ও আইটি যথাক্রমে প্রকল্প সদর দপ্তর কর্তৃক সরকারি কোষাগারে জমা দেয়ার বিধান রয়েছে। এছাড়াও মহামারি কোভিড-১৯ পরিস্থিতে কাজ যথাসময়ে শেষ করতে না পারায় কাজের মেয়াদ বৃদ্ধির আবেদন এ সভায় অনুমোদিত হয়।</td><td>ক) উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ২০১৯-২০ অর্থ বছরে সমাপ্তকৃত অবকাঠামো উপ প্রকল্প গুলির ১ম ও চূড়ান্ত বিল এ'সভায় অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কাজের মেয়াদ ১৫-১০-২০২১ ইং পর্যন্ত বর্ধিতকরণ এ'সভায় অনুমোদিত হয়।</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা নির্বাহী অফিসার ঃ ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০৭/১০/২১ তারিখে যোগদান করে এই প্রথম মাসিক সভা, সকলে সময়কে গুরুত্ব দিয়ে দাপ্তরিক কাজ সঠিকভাবে পরিচালনা করার জন্য সকল কর্মকর্তাদের অনুরোধ করেন। তিনি আরো জানান যে, মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতি মাসে নির্ধারিত তারিখ ও সময়ে মিটিং এ উপস্তিত থাকার জন্য সকলের আকর্ষণ করেন। করোনা ভাইরাস (কোভিড-১৯) পুরো বিশ্বকে থমকে দিয়েছে, বর্তমান শিক্ষা প্রতিষ্ঠান গুলো খুলে দেয়া হচ্ছে তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করেন।</td><td>সভায় সকল সদস্যদের নির্ধারিত তারিখ ও সময়ে এ উপস্তিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া।</td></tr>
<tr><td>১৮</td><td>ক) <u>চেয়ারম্যান উপজেলা পরিষদ/ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান ঃ</u> ক) চেয়াম্যান উপজেলা পরিষদ জানান যে, সেপ্টেম্বর/২০২১ মাসের দৈনিক ভাতার বিল প্রস্তুত করা হয়েছে এবং নভেম্বর/২০২১ মাসের ভ্রমন সূচি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>খ) তিনি আরো জানান যে, কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ১। উপজেলা পরিষদ ভবন(ইউটিডিসি ভবন) ২। উপজেলা পরিষদ ডরমেটরী ভবন ৩। উপজেলা পরিষদ সোনালী ভবন ৪। উপজেলা পরিষদ 'দৌলতপুর ভবন' ৫। উপজেলা পরিষদ ধানসিড়ি ভবন দীর্ঘদিন মেরামত/সংস্কার না করায় বসবাসের অনুপোযোগী হয়ে পড়েছে যেখানে প্রত্যক্ষ দর্শনে দেখা যায় যে, ডরমেটরী ভবনে বিভিন্ন কর্মচারী ও ধানসিড়ি ভবনে ৪র্থ শ্রেণীর ৮টি পরিবার অনেক কষ্টে বসবাস করে । এ বিষয়ে উপজেলা প্রকৌশলী সরেজমিনে দেখে উক্ত ভবন গুলোর সম্প্রসারন ও মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করেছেন প্রাক্কলিত মূল্য ৬০,০০,০০০/= (ষাট লক্ষ) টাকা মাত্র । যা সভায় গৃহীত হলে মন্ত্রণালয়ে পেরণ করা যেতে পারে।</td><td>ক) বিষয়টি উপর বিস্তারিত আলোচনা করা হয়, আলোচনান্তে সেপ্টেম্বর/২০২১ মাসের দৈনিক ভাতা চেয়ারম্যান ১০,৬২৫/= (দশ হাজার ছয়শত পঁচিশ) টাকা, ভাইস চেয়ারম্যান দ্বয় ৬,৫০০/= টাকা হারে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত হয় এবং নভেম্বর/২০২১ মাসের ভ্রমন সূচি গ্রহনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ১। উপজেলা পরিষদ ভবন(ইউটিডিসি ভবন) ২। উপজেলা পরিষদ ডরমেটরী ভবন ৩। উপজেলা পরিষদ সোনালী ভবন ৪। উপজেলা পরিষদ 'দৌলতপুর ভবন' ৫। উপজেলা পরিষদ ধানসিড়ি ভবন মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলিত ৬০,০০,০০০/=(ষাট</td><td>চেয়াম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | লক্ষ) টাকার প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী কুষ্টিয়া কর্তৃক অনুমোদন করে অনুমোদিত প্রাক্কলন অর্থ বরাদ্দের জন্য সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৯ | সেপ্টেম্বর/২১ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে যে সকল বিষয়ে অর্থ ব্যয় করা হয়েছে তা নিম্নরুপ ।<br>ক) উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সম্মানী ৪০,০০০/=<br>খ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানী (দুইজন) ৫৪,০০০/=<br>গ) উপজেলা চেয়ারম্যান এরঁ ভ্রমন বিল ১০,৬৫০/=<br>ঘ) উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়ের ভ্রমন বিল ১৩,০০০/=<br>ঙ) উপজেলা পরিষদে কর্মরত মালী ও সুইপার এর দৈনিক মজুরী ০২(দুই) ২৪,২০০/=<br>চ) উপজেলা পরিষদের আনুষঙ্গিক বিল ৫,০০০/=<br>ছ) উজেলা পরিষদের বিভিন্ন মিটিং এর আপ্যায়ন বিল ৩০,০০০/=<br>জ) উপজেলা পরিষদের টেলিফোন বিল বাবদ ৮,৭৯/=<br>ঝ) উপজেলা পরিষদ কার্যালয়, অডিটোরিয়াম হলরুম, রাস্তার বাতি এর জুলাই /২১ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৭,১৭৬/=<br>জ) উপজেলা পরিষদের অভ্যন্তরে অডিটোরিয়াম হলরুমের ইলেকট্রিক লাইন মেরামত বাবদ বিল ৪,৯৯৫/= | সভার বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ব্যয়োত্তর টাকা অনুমোদনের জন্য সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার দৌলতপুর, কুষ্টিয়া। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এজাজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দৌলতপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দৌলতপুর, কুষ্টিয়া।

স্মারক নং- ০০.০০.৫০৩৯.০৩৯.৪০.০০১.২১-

তারিখ ঃ ১২ কার্তিক১৪২৮ বঙ্গাব্দ
২৮অক্টোবর, ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ৭৫, কুষ্টিয়া-১।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ।
৪। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
৫। উপজেলা------------------------- অফিসার, দৌলতপুর,কুষ্টিয়া।
৬। চেয়ারম্যান -----------------------------ইউপি, দৌলতপুর,কুষ্টিয়া।
৭। অফিস কপি।

( মোঃ আব্দুল জব্বার)
পরিচিতি নং -২০৬১৯
উপজেলা নির্বাহী অফিসার
দৌলতপুর, কুষ্টিয়া।

দৌলতপুর উপজেলা পরিষদের অক্টোবর/২১ মাসের সভায় উপস্থিতি হাজিরা ঃ

সভার স্থান ঃ উপজেলা পরিষদ কনফারেন্স রুম সময় ঃ ১১.০০ ঘটিকা

সভার তারিখ ও বার ঃ ২১.১০.২১

| ক্রমনং | জনপ্রতিনিধিবৃন্দ | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০২ | ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | মোছাঃ সোনালী খাতুন | |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া | মোঃ মোস্তাফিজুর রহমান | |
| ০৪ | চেয়ারম্যান<br>১নং রামপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৫ | চেয়ারম্যান<br>২নং মথুরাপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৬ | চেয়ারম্যান<br>৩নং ফিলিপনগর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৭ | চেয়ারম্যান<br>৪নং মরিচা ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৮ | চেয়ারম্যান<br>৫নং রামকৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ০৯ | চেয়ারম্যান<br>৬নং চিলমারী ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১০ | চেয়ারম্যান<br>৭নং হোগলবাড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১১ | চেয়ারম্যান<br>৮নং পিয়ারপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১২ | চেয়ারম্যান<br>৯নং রিফাইতপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৩ | চেয়ারম্যান<br>১০নং দৌলতপুর ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৪ | চেয়ারম্যান<br>১১নং আদাবাড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | মোঃ [illegible] | |
| ১৫ | চেয়ারম্যান<br>১২নং বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | [illegible] | |
| ১৬ | চেয়ারম্যান<br>১৩নং খলিশাকুণ্ডি ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৭ | চেয়ারম্যান<br>১৪নং আড়িয়া ইউনিয়ন পরিষদ, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৮ | | | |
| ১৯ | | | |
| ২০ | | | |
| ২১ | | | |
| ২২ | | | |
| ২৩ | | | |
| ২৪ | | | |
| ২৫ | | | |

| ক্রমনং | কর্মকর্তা বৃন্দ (হস্তান্তরিত) | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | মোঃ আব্দুল জব্বার | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | মোঃ নুরুল ইসলাম | |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | ডাঃ মোঃ হাফিজুল আরিফিন আর.এম.ও | |
| ০৪ | উপজেলা মৎস্য অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | খন্দকার মিজানুর রহমান | |
| ০৫ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | ডা. মো. আব্দুস সালেক | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, দৌলতপুর, কুষ্টিয়া | মোঃ ইকতেখারুল ইসলাম | |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | মোঃ সাইফুল ইসলাম AUEO | |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | মোঃ কামাল হোসেন UAS | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | ডাঃ মোঃ আবু সালেক | |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | মোঃ মিঠুন মুনতাসির | |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | মোঃ আব্দুল হান্নান | |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | দিলীপ কুমার সেন | |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | | |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া। | শামীমা খাতুন | |
| ১৫ | উপজেলা সমবায় অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | ইমান হোসেন সরকার | |
| ১৬ | উপজেলা বন কর্মকর্তা, দৌলতপুর, কুষ্টিয়া | মো. আবু বকর সিদ্দিক | |
| ১৭ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, দৌলতপুর, কুষ্টিয়া | রফিকুল ইসলাম | |
| | | | |
| | | | |
| | কর্মকর্তাবৃন্দ (সংরক্ষিত ও অন্যান্য) | | |
| ০১ | সহকারী কমিশনার (ভূমি), দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৩ | অফিসার-ইন-চার্জ, দৌলতপুর থানা, কুষ্টিয়া | | |
| ০৪ | উপজেলা সাব-রেজিষ্ট্রার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৫ | উপজেলা নির্বাচন অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৬ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৮ | কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ০৯ | উপজেলা প্রকল্প অধিদপ্তর (বিআরডিবি), দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১০ | উপজেলা উপসহকারী প্রকৌশল (ক্ষুদ্র ও সেচ) বিভাগ, দৌলতপুর, কুষ্টিয়া | | |
| ১১ | উপজেলা রিসোর্স সেন্টার, দৌলতপুর, কুষ্টিয়া | মিঠু কে. উদ্দিন | |
| ১২ | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি, দৌলতপুর, কুষ্টিয়া | | |